চিকিৎসার জন্য ভারতে গেলেন এমপি টগর

চিকিৎসার জন্য ভারতে গেলেন চুয়াডাঙ্গা-২ আসনের এমপি আলী আজগর টগর।
গতকাল বৃহস্পতিবার দুপুরের দিকে দর্শনা চেকপোস্ট হয়ে চিকিৎসার জন্য ভারতে গেলেন চুয়াডাঙ্গা-২ আসনের উন্নয়নের রুপকার এমপি আলী আজগর টগর।

এ সময় নেতা কর্মীরা তাকে নোমেন্স ল্যান্ড পর্যন্ত তাকে এগিয়ে দিয়ে আসেন।
এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও পৌর আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আলী মুনছুর বাবু, আতিয়ার রহমান হাবু, দামুড়হুদা উপজেলার আওয়ামী যুবলীগের আহ্বায়ক আব্দুল হান্নান ছোট, ছাত্রলীগের অপু সহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

তিনি চিকিৎসা শেষে ভারত থেকে ঢাকা রওনা দেবেন বলে জনান।

মেহেরপুর রাজনগরে ফুটবল টুর্নামেন্টের বর্শিবাড়িয়া জয়ী

মেহেরপুর সদর উপজেলা রাজনগর গ্রামে সুখরঞ্জন ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবল টুর্নামেন্টে বর্শিবাড়িয়া ৩ গোলে জয়ী।

বৃহস্পতিবার বিকালে রাজনগর স্কুল মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। ৯০ মিনিটের খেলায় টান টান উত্তেজনায় বর্শিবাড়িয়া ফুটবল একাদশ ৩-০ গোলে জয়ী হয়ে পিরোজপুর ফুটবল একাদশ দলকে পরাজিত করে। ম্যান অব দা ম্যাচ ও সেরা গোলদাতা নির্বাচিত হয় বর্শিবাড়িয়া ফুটবল একাদশ দলের সহ তিন জনকে প্রাইজবন্ড দিয়ে পুরস্কৃত করা হয়।

খেলাটি পরিচালনা করেন জহির উদ্দিন, ইমাদুল ইসলাম, হাসিবুল ইসলাম। খেলাটির সার্বিক সহযোগীতায় ছিলেন সুধাংশু মোহন সরকার। এ সময়

খেলা পরিচালনা কমিটির সহ সভাপতি, খাকছার আলী, সাধারন সম্পাদক রবিউল ইসলাম, কোষাধ্যক্ষ কুরবান আলী, সদস্য সুমন সরকার, সাবদার আলী, মামুনুর রশিদ, জাসুদ আলী সহ খেলা দেখতে আসা হাজার হাজার দর্শক খেলাটি উপভোগ করেন।

নিজস্ব প্রতিনিধি

তুরস্ক সফর শেষে ঢাকা পৌঁছেছেন এমপি সাহিদুজ্জামান খোকন

চারদিনের সফর শেষে তুরস্ক থেকে বাংলাদেশে ফিরেছেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

বুধবার সকাল ৮টার সময় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে পৌঁছান।
এদিকে এমপি সাহিদুজ্জামান খোকনকে সংবর্ধনা দিতে গাংনীতে ব্যাপক প্রস্তুতি গ্রহন করা হয়েছে।

এমপি সাহিদুজ্জামান খোকনকে সংবর্ধনার প্রস্তুতি নিতে শহরের প্রধান সড়কের উপর অনেক তোরণ নির্মাণ করা হয়েছে।

স্থানীয় নেতা কর্মীরা জানান, এমপিকে গণ সংবর্ধনা দিতে আমনা ব্যাপক প্রস্তুতি নিয়েছি। নেতা তাঁর সফরের বিষয়ে আমাদের অবহিত করবেন। এলাকাবাসি এমপি সাহিদুজ্জামান খোকনের কথা শোনান জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন বলে জানিয়েছেন স্থানীয় নেতারা।

নিজস্ব প্রতিনিধি

জাসদ এর ৪৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল-বাংলাদেশ জাসদ এর ৪৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বাংলাদেশ জাসদ চুয়াডাঙ্গা জেলা শাখা গতকাল বুধবার বিকাল ৪টায় শোভাযাত্রা ও সমাবেশের আয়োজন করে।

শোভাযাত্রার পূর্বে চুয়াডাঙ্গা টাউন ফুটবল মাঠের সমাবেশে বাংলাদেশ জাসদ কেন্দ্রীয় স্থায়ী কমিটির সদস্য ও চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মুক্তিযোদ্ধা আনোয়ারুল ইসলাম বাবু বলেন, সমাজ পরিবর্তনের লক্ষ্য নিয়ে ১৯৭২ সালের ৩১ অক্টোবর জাসদের জন্ম হয়েছিল। লক্ষ্য অর্জনে আজও সে আন্দোলন গতিশীল রয়েছে। ব্যাংক, শেয়ার বাজার লুটেরা, ঋণ খেলাপী এবং শীর্ষ দূর্নীতিবাজ আমলা ও রাজনীতিকদের গ্রেফতার করে বিচারের দাবী এবং দেশে যে অশুভ ব্যবসায়ী সিন্ডিকেট গড়ে উঠেছে তা ভেঙ্গে দেওয়ার দাবী জানান। মুক্তিযুদ্ধের ধারায় অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক দেশ গড়ার আহŸ◌ান জানান। টাউন মাঠ থেকে শোভাযাত্রা শুরু হয়ে শহীদ হাসান চত্ত¡রে এসে শেষ হয়।

শোভাযাত্রায় উপস্থিত ছিলেন বাংলাদেশ জাসদ চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক শামসুল আলম, সদর উপজেলা সভাপতি হামিদুল হক মুক্তি, সাধারণ সম্পাদক আশরাফুল আলম, জীবননগর উপজেলা সভাপতি আব্দুর রশিদ, দামুড়হুদা উপজেলা সভাপতি আতিয়ার রহমান, আলমডাঙ্গা উপজেলা সাধারণ সম্পাদক মাহবুব হক, এছাড়াও জাসদ নেতা হারুন-অর-রশিদ, রাসেল হোসেন, উজ্জল হোসেন, মিলন মল্লিক, মন্টু মিয়া, মফিজুল ইসলাম ডাবলু, নিয়াজ উদ্দীন।

জীবননগর প্রতিনিধি

চুয়াডাঙ্গা রেলওয়ে আন্ডার পাস সড়কের ঢালাই করণ কাজের উদ্বোধন

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (ইউজিআইআইপি-৩), প্রকল্পের অর্থায়নে চুয়াডাঙ্গা রেলওয়ে আন্ডার পাস সড়কের ঢালাই করণ কাজের উদ্বোধন করা হয়।

গতকাল বুধবার দুপুরে স্থানীয়দের সঙ্গে নিয়ে এ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন পৌর মেয়র জনাব মো: ওবায়দুর রহমান চৌধুরী জিপু।

এ সময় উপস্থিত ছিলেন-পৌরসভার ৩নং সংরক্ষিত আসনের কাউন্সিলর মোছা: শেফালি খাতুন, সহকারী প্রকৌশলী মো: হাফিজুর রহমান কাওছার, সংশ্লিষ্ট কাজের ঠিকাদার প্রতিষ্ঠান এর স্থানীয় প্রতিনিধি রোকনুজ্জামান, আওয়ামী লীগ নেতা অ্যাড. শফিকুল ইসলাম শফি, শহর সমম্বয় কমিটির সদস্য ও সমাজ সেবক মো: নাসির আহাদ জোয়ার্দ্দার, সড়ক নির্মাণের জন্য জমিদাতা রাশেদুল জামান মালিক ও জহুর হোসেন মালিম, প্রকল্পের উপ-সহকারী প্রকৌশলী মো: আব্দুল কাদের, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো: জানিফ, ছাত্রলীগ নেতা জ্যাকি ও ইমরান সহ এলাকার অন্যান্য ব্যক্তিবর্গ প্রমুখ।

রাস্তাটি ঢালাই কাজ সম্পন্ন হলে রেল ক্রসিং এর সময় গেইট বন্ধ থাকলে ছোট ছোট যান বাহনগুলি আন্ডার পাস দিয়ে যাতায়াত করতে পারবে এবং মানুষের দূর্ভোগ লাঘব হবে।

প্রেস বিজ্ঞপ্তি

সেই সহকারী প্রকৌশলী আব্দুর

রহমান মেহেরপুরে গড়েছেন রাজপ্রাসাদ

গাংনীর বামুন্দী অঞ্চলের ৩ রাস্তার কাজ বন্ধে সহকারী প্রকৌশলী আব্দুর রহমানের বিরুদ্ধে কলকাটি নাড়ার অভিযোগ তুলেছেন ঠিকাদার ও ভুক্তভুগীরা।

তদন্ত পূর্বক সহকারী প্রকৌশলী আব্দুর রহমানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি করেছে তারা।

ঠিকাদার জাকামোল্লা ও ভুক্তভুগীরা জানান, সহকারী প্রকৌশলী আব্দুর রহমানের কারসাজির কারণে বামুন্দী অঞ্চলের লক্ষাধিক মানুষ চরম দূর্ভোগে পড়েছে। সহকারী প্রকৌশলী আব্দুর রহমানের পছন্দের ঠিকাদার কাজ না পাওয়ার কারণে কার্যাদেশ বাতিল করতে উর্দ্ধর্ত্বন কর্তৃপক্ষকে অবগত করার পর টেন্ডার বাতিল হয়। পরে হাইকোর্টে মামলা করা হয়।

মামলা ঠিকাদার জাকামোল্লার পক্ষে আসলেও সহকারী প্রকৌশলী আব্দুর রহমানের চক্রান্তে মামলাটি আপিল করা হয়। এ কারনে রাস্তার কাজ বন্ধ হয়ে যায়। সহকারী প্রকৌশলী আব্দুর রহমান মেহেরপুর এলজিইডিতে ১৭/০২/২০৪ সালে যোগদান করেন। যোগদানের পর থেকে মেহেরপুর এলজিইডি অফিসকে নিয়ন্ত্রন নিয়ে গড়ে তুলেছেন সিন্ডিকেট।

সেই সিন্ডিকেটের মাধ্যমে অলিখিত ভাবে নিজেই ঠিকাদার বনে যান। এছাড়া নিজের পছন্দ মত ঠিকাদারকে কাজ পাইয়ে দেয়া ও নি¤œ মানের সরাঞ্জাম দিয়ে কাজ করার সহায়তার আশ্বাস দিয়ে হাতিয়ে নেন লক্ষ লক্ষ টাকা।

কোন ঠিকাদার সহকারী প্রকৌশলী আব্দুর রহমানের বিরুদ্ধে কথা বললে কিংবা কমিশন দিতে অপারগতা প্রকাশ করলে তাকে নানা ভাবে হয়রানী করা হয়। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন ঠিকাদার বলেন, সহকারী প্রকৌশলী আব্দুর রহমান স্বঘোষিত নির্বাহী প্রকৌশলী। তার কথামত কাজ না করলে সিন্ডিকেটের লাঠিয়াল বাহিনী দিয়ে ঠিকাদারদের লাঞ্চিত করা হয়।

তাই সহকারী প্রকৌশলী আব্দুর রহমানের সকল অবদার মেনেই ব্যবসা করতে হয়। নাম প্রকাশে অনিচ্ছুক এলজিইডি’র এক কর্মকর্তা জানান,

সহকারী প্রকৌশলী আব্দুর রহমান ১৭/০২/২০৪ সালে মেহেরপুরে যোগদান করার পর থেকে অবৈধ ভাবে টাকা আয় করে মেহেরপুর শহরের ঈদগাঁ রোড়ে গড়ে তুলেছেন অট্ট্রালিকা। সেই অট্টলিকা ভাড়া দিলেও তিনি থাকেন এলজিইডির ডরমেটরিতে।

সহকারী প্রকৌশলী আব্দুর রহমানের সম্পদের হিসাব নিতে দুদকের প্রতি আহবান জানিয়েছেন ভুক্ত ভুগীরা। এসব বিষযে কথা বলতে চাইলে তার ব্যবহৃত মোবাইল ফোনে মঙ্গলবার দুপুরে বেশ কয়েকবার কল দিলে তিনি রিসিভ করেননি।

উল্লেখ্য: গাংনী উপজেলার বামুন্দী-কাজিপুর, কাজিপুর নওদাপাড়া, আকুবপুর মোহাম্মদপুর হয়ে গোয়াল গ্রাম পর্যন্ত এই সড়কটি ঠিকাদারের মামলার কারনে দীর্ঘ কয়েক বছর সংস্কার কাজ বন্ধ রয়েছে। একযুগেরও বেশি সময় আগে সংস্কার হলেও বর্তমানে ঐ সড়ক গুলো দিয়ে চলাচল কষ্ট সাধ্য হয়েছে পড়েছে।

গাংনী উপজেলা প্রকৌশলীর দপ্তর থেকে জানা গেছে, ১ বছর পূর্বে বামুন্দী কাজিপুর সড়ক ১ কোটি ৫ লক্ষ, মোহাম্মদপুর-গোয়াল গ্রাম ১ কোটি ১৩ লক্ষ ও নওদাপাড়া-কাজিপুর সড় প্রায় ৩ কোটি টাকার টেন্ডার হয়। কিন্তু লটারি বিজয়ীদের কাজ না দেওয়ার কারনে মামলা করলে সড়ক সংস্কার কাজ বন্ধ হয়ে যায়।

নিজস্ব প্রতিনিধি

গাংনীতে জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে মঙ্গলবার সকাল ১০ টার সময় জনস্বস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সামনে থেকে একটি র্যালী বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়।

পরে আলোচনা আলোচনা সভায় বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ মাসুদুল আলম, গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম। জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুুজুর রহমান প্রমুখ। এসময় বিভিন্ন এনজিও কর্মী ও স্থানীয় স্কুল কলেজের শিক্ষক ছাত্র-ছাত্রী বৃন্দ অংশ গ্রহণ করেন।

নিজস্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গায় রাষ্ট্রীয় মর্যাদায় মুক্তিযোদ্ধা আহসান বিশ্বাসের দাফন সম্পূর্ণ

তার মৃত্যুতে চুয়াডাঙ্গা জেলার মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা কমিটি নেতৃবৃন্দ শোক প্রকাশ করেছে।

গতকাল মঙ্গলবার রাত ৯ ঘটিকার সময় বলিয়ারপুর জামে মসজিদ প্রাঙ্গণে গার্ড অফ অনার এর মাধ্যমে রাষ্ট্রীয় মর্যাদায় তাকে দাফন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পুলিশ এসপি জিয়াউর রহমান, আলমডাঙ্গা নির্বাহী ম্যাজিস্ট্রেট ভ‚মি সীমা সারমিন ও বিভিন্ন পর্যায়ের রাজনীতিক প্রশাসনিক ও সাংবাদিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

একাত্তরের বীর মুক্তিযোদ্ধা চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়নের বলিয়ারপুর গ্রামের কৃতি সন্তান মোঃ আহসান বিশ্বাস মঙ্গলবার সন্ধ্যার সময় ইন্তেকাল করেন, মৃত্যুকালে তিনি তিন পুত্র ও তিন কন্যা সহ অনেক গুনগ্রাহী রেখে গেছেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[

জাফর সম্পাদক

বাংলাদেশ হাজী সমিতি আলমডাঙ্গা শাখার কমিটি গঠন করা হয়েছে।
গতকাল আলমডাঙ্গা মিয়াপাড়াস্থ হাজী সমিতির কার্যালয়ে মুক্তিযোদ্ধা আলহাজ্ব শমসের মল্লিকের সভাপতিত্বে উপস্থিত ছিলেন আলহাজ্ব বায়োজিদ, মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুর মোহাম্মদ জকু, আলহাজ্ব ড.আব্দুস সহিদ, আলহাজ্ব মো: জহুরুল ইসলাম, আলহাজ্ব মো: আব্দুল হাই।

আলহাজ্ব আব্দুল ওহাবের উপস্থাপনায় শুভেচ্ছা বক্তব্য রাখেন আলহাজ্ব শমসের মল্লিক। তিনি বলেন ১৯৯৮ সালে বাংলাদেশ হাজী সমিতি গঠন করা হয়। প্রতিষ্টা লগ্ন থেকে আমি এই সমিতির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করে আসছি। বর্তমানে আমার শারিরিক অসুস্থতার কারণে আমি সভাপতির পদ থেকে অব্যাহতি নিচ্ছি।

প্রতিষ্টা লগ্নে মরহুম হাজী শেখ সামসুদ্দিন আহম্মেদ, হাজী মীর রবিউল হক, উনারা গত হয়েছেন। তাই আমি অনুভব করছি সমিতির নতুন কমিটি গঠন করে এর কর্যক্রম চাঙ্গা করতে।

সভায় হাজী সমিতির গঠন তন্ত্রবিরোধী কার্যকলাপ করায় এবং শৃঙ্খলা ভঙ্গের দায়ে হাজী আব্দুল কাদের কে এবং প্রায় এক বছর সমিতির কোন সভায় উপস্থিত না থাকায় হাজী আবেদ আলী খানকে বহিস্কার করা হয়। পরে শতাধিক হাজী সাহেবদের উপস্থিতিতে

সর্বসম্মতি ক্রমে পাচকমলাপুর দারুল উলুম হাফেজিয়া মাদ্রাসার সিনিয়র শিক্ষক আলহাজ্ব মও: বায়োজিদ হোসেন কে সভাপতি ও আলহাজ্ব শেখ আবু জাফর কে সাধারণ সম্পাদক করে ৪১ সদস্য বিশিষ্ট ৫ বছর মেয়াদী কমিটি গঠন করা হয়েছে।

কমিটি গঠন শেষে হাজী সমিতির সকল সদস্যদের মধ্যহ্ন ভোজের আয়োজন করেন।

আলমডাঙ্গা প্রতিনিধি